তারিখ: 03 MAY 2015
পৃষ্ঠা: ১৭ কলাম: ৩

সমকাল

# জাবির প্রভোস্টের বিরুদ্ধে নিয়ম লঙ্ঘনের অভিযোগ

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) আল বেরুনী হল (মূল ভবন) প্রভোস্ট একেএম জসীম উদ্দীনের বিরুদ্ধে নিয়ম লঙ্ঘন ও দায়িত্ব অবহেলার অভিযোগ উঠেছে। এদিকে, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য আবাসিক হল ও প্রশাসনিক ভবনে নিরবচ্ছিন্ন ইন্টারনেট (ওয়াইফাই) সুবিধা থাকলেও আল বেরুনী হলের শিক্ষার্থীরা এ সুবিধা পাচ্ছেন না। এতে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। ইন্টারনেটসহ বিভিন্ন অসুবিধা নিয়ে হল প্রভোস্টকে শিক্ষার্থীরা একাধিকবার জানালেও এতে তিনি গুরুত্ব দেননি বলে শিক্ষার্থীদের অভিযোগ। আল বেরুনী হলের প্রভোস্ট হিসেবে একেএম জসিম উদ্দিনের জন্য 'এ' টাইপ একটি বাসা বরাদ্দ রয়েছে। দীর্ঘদিন ধরে ওই বাসাটি খালি পড়ে রয়েছে। প্রভোস্ট হিসেবে বরাদ্দ বাসাতে না উঠে দীর্ঘদিন ধরে তিনি বিশ্ববিদ্যালয়ের অন্য একটি বাসা দখল করে রেখেছেন।